

পাসপোর্ট নিয়ে বুক ফুলিয়ে হাঁটতে পারি না

- A Monitor Desk Report

Date: 06 August, 2025



ঢাকাঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, বাংলাদেশের পাসপোর্ট নিয়ে বিদেশে গেলে এমনভাবে তাকায় যে, লজ্জা লাগে।

সোমবার (৪ আগস্ট) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ড. আসিফ নজরুল বলেন, ‘আমি যখন আমার পাসপোর্ট নিয়ে যাই, আপনাদের (কূটনীতিক) তো সমস্যা হয় না। আমার এত লজ্জা লাগে, এত রাগ লাগে। আমার তো এখন একটা স্পেশাল পাসপোর্ট আছে। কিছু দিন পর আবার সবুজ পাসপোর্ট হবে। আমেরিকায় ৬ বার গিয়েছি। তারপরেও ভিসা দেয় না। দিনের পর দিন ঘুরিয়ে তারপর ভিসা দেয়।

অনেক দেশ এয়ারপোর্টে যাওয়ার পর এমনভাবে তাকায়, মনে হয় মরে যাই। হংকং, দুবাইয়ে পাসপোর্ট দেখছে। আর এমন একটা লুক দেয়। এত প্রশ্ন করে, পেছনে লোকজন ক্ষেপতে থাকে, মনে হয় মাটির সঙ্গে মিশে যাচ্ছি। কী দেশ বানিয়েছি আমরা যে, অন্য দেশ আমাদের নিচু চোখে দেখে।’

পররাষ্ট্র মন্ত্রণালয়ের আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন।

তিনি বলেন, আমরা যথেষ্ট আত্মসম্মানজনক সম্পন্ন না। অনেক ক্ষেত্রে আমরা অপ্রয়োজনে নিজেদের ছোট করি। এটা আমি সব সময় বিরোধিতা করে এসেছি, সব সময় সফল হইনি।

-B

